

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৫৯(আগরতলা-১৫।০৫)
ধর্মনগর, ১৫ মে, ২০ ১৮

উত্তর ত্রিপুরা জেলায় স্বচ্ছ ভারত মিশনের
একশো দিনের কর্মসূচি

রাজ্য সরকারের ঘোষিত একশো দিনের কর্মসূচিকে সফল রূপ দিতে স্বচ্ছ ভারত মিশনের উত্তর ত্রিপুরা জেলা কার্যালয় ১০০ দিনের কর্মসূচি গ্রহণ করেছে। এই সময়ের মধ্যে উত্তর জেলার ৮টি ব্লক এলাকায় ৪ হাজার ৮০৩টি বিজ্ঞান সম্মত শৌচালয় নির্মাণের লক্ষ্য নিয়ে কাজ শুরু করা হয়েছে। ইতিমধ্যে স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ), এ পি এল ১৫০টি, বি পি এল ১৭০টি এবং স্বচ্ছ ভারত কোষে এ পি এল ও বি পি এল ২৫০টি সহ মোট ৫৭০টি পরিবারের শৌচালয় নির্মাণের কাজ শেষ হয়েছে। স্বচ্ছ ভারত মিশনের উত্তর ত্রিপুরা জেলার সদস্য সচিব বিধান দাস এই সংবাদ জানিয়েছেন। তিনি আরও জানান, স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) ও স্বচ্ছ ভারত কোষ প্রকল্পে সমগ্র উত্তর জেলায় ২ হাজার ৮০০টি শৌচালয়ের নির্মাণ কাজ চলছে। প্রতিটি শৌচালয় নির্মাণে ব্যয় হচ্ছে ১২ হাজার টাকা।
